

NYC পারিবারিক বিচার কেন্দ্রসমূহ

COVID-19-এর কারণে কেন্দ্রগুলি বর্তমানে একমাত্র ফোনেই লভ্য।

গার্হস্থ্য ও লিঙ্গ-ভিত্তিক সহিংসতার জীবিতদের জন্য বিনামূল্যে এবং গোপনীয়তার সাথে সাহায্য পান।

- গার্হস্থ্য এবং লিঙ্গ-ভিত্তিক সহিংসতায় পীড়িত ও বেঁচে যাওয়ার জন্য বিনামূল্যে এবং গোপনীয়তার সাথে সাহায্য পাওয়ার জন্য সংযুক্ত হতে আপনি যে বরোতে বসবাস করছেন (বা এমন কোথাও যেখানে আপনি নিজেকে নিরাপদ বোধ করেন) তার অন্তর্গত নিউ ইয়র্ক সিটি পারিবারিক বিচার কেন্দ্র-এ আসুন। ফোনে সব কেন্দ্র সোমবার থেকে শুক্রবার সকাল 9টা থেকে বিকেল 5টা পর্যন্ত লভ্য।
- তাৎক্ষণিক সুরক্ষা পরিকল্পনা, আশ্রয় সহায়তা, এবং অন্যান্য সমর্থন এবং সংস্থানগুলির সাথে সংযুক্ত হওয়ার জন্য ফোন করুন- 24 ঘন্টা, সপ্তাহে 7 দিন:
NYC-এর গার্হস্থ্য সহিংসতা এবং যৌন নির্যাতন হটলাইন
1-800-621-4673 (HOPE)।
- সিটির NYC HOPE সংস্থান নির্দেশিকাটি www.nyc.gov/NYCHOPE-এ অনুসন্ধান করে NYC-তে সংস্থান এবং সহায়তা খুঁজে নিন

NYC পারিবারিক বিচার কেন্দ্রসমূহ আপনাকে নিম্নলিখিত বিষয়ে সাহায্য করতে পারে:

- আপনার সুরক্ষার জন্য পরিকল্পনা করা
- আপনার এবং আপনার সন্তানদের মানসিক অবস্থার হিতসাধনে সমর্থন দেওয়ার জন্য মানসিক স্বাস্থ্য এবং কাউন্সেলিং পরিষেবা প্রদান করা
- আয়ব্যয়ের হিসাবে, ধার পরিশোধ করতে এবং দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজি (English as a Second Language, ESL) ক্লাসে সহায়তা করার জন্য কর্মশালা সহ শিক্ষা কার্যক্রমগুলিতে সুপারিশ করা
- প্রশিক্ষিত আইন প্রয়োগকারী, যেমন নিউ ইয়র্ক সিটি পুলিশ বিভাগ (NYPD), NYC-এর শেরিফের অফিস, এবং ডিস্ট্রিক্ট অ্যাটর্নি অফিস-এর সাথে বৈঠক করা
- আশ্রয়, আবাসন এবং অন্যান্য সমর্থন পরিষেবার জন্য আবেদন করা
- রেজিউমে লেখা এবং ইন্টারভিউ দেওয়ার দক্ষতায় সাহায্য করার সাথেসাথে জনসাধারণের কল্যাণ এবং চাকরির প্রশিক্ষণের কার্যক্রমগুলির তথ্য
- সুরক্ষা, হেফাজত, নিয়মমাফিক সাক্ষাৎ, শিশু সমর্থন, বিবাহবিচ্ছেদ, আবাসন এবং অভিবাসন আদেশের জন্য আইনি পরামর্শ
** আইনী প্রতিনিধিত্বের নিশ্চয়তা নেই
- আপনার পরিষেবা পাওয়াকালীন সেই স্থানে 3+ বয়সের শিশুদের জন্য দেখাশোনা

সমস্ত পরিষেবা স্বতঃপ্রবৃত্ত।
আপনি যে পরিষেবাগুলি চান সেগুলি চয়ন করতে পারেন।

গার্হস্থ্য ও লিঙ্গ-ভিত্তিক সহিংসতার অবসান ঘটাতে মেয়রের কার্যালয় (The Mayor's Office to End Domestic and Gender-Based Violence, ENDGBV) গার্হস্থ্য ও লিঙ্গ-ভিত্তিক সহিংসতার সম্পর্কে সচেতনতা বাড়ানোর জন্য নীতি ও প্রকল্প তৈরি, প্রশিক্ষণ ও প্রতিরোধ শিক্ষা প্রদান, গবেষণা ও মূল্যায়নের আয়োজন, কমিউনিটি প্রচার সম্পন্ন এবং বিভিন্ন কমিউনিটি ও সেখানকার মানুষদের সঙ্গে সহযোগীতা করে থাকে। ENDGBV নিউ ইয়র্ক সিটি পারিবারিক বিচার কেন্দ্রগুলিকে পরিচালনা করে, এইগুলি এমন পরিষেবা কেন্দ্র যা অত্যাবশ্যক সামাজিক পরিষেবাদি, নাগরিক আইনী এবং অপরাধমূলক বিচার সহায়তা এবং আরও অনেককিছু প্রদান করে— সব একটি ছাদের তলায়। www.nyc.gov/ENDGBV-এ গিয়ে আরো জানুন

গার্হস্থ্য এবং লিঙ্গ-ভিত্তিক হিংসার উদ্ভর্তীরা এবং তাদের শিশুরা যে কোনও নিউ ইয়র্ক সিটি পারিবারিক বিচার কেন্দ্রে, মামলা পরিচালনা, অর্থনৈতিক ক্ষমতায়ন, কাউন্সিলিং, নাগরিক আইন এবং ফৌজদারি বিচারে সহায়তা সরবরাহকারী সংস্থাগুলির সাথে সংযুক্ত হতে পারবেন।

কেন্দ্রগুলি লোকেদের বিনামূল্যে এবং গোপনীয়তার সাথে সাহায্য প্রদান করে, যে কোনও:

বয়স	অভিবাসন স্থিতির	যৌন অভিমুখীতার	উপার্জনের	কথিত ভাষার	লিঙ্গগত পরিচয়ের	অক্ষমতার
------	-----------------	----------------	-----------	------------	------------------	----------

COVID-19-এর কারণে NYC পারিবারিক বিচার কেন্দ্র বর্তমানে একমাত্র ফোনেই লভ্য।

অনুগ্রহ করে সোমবার থেকে শুক্রবার সকাল 9টা থেকে বিকেল 5টার মধ্যে কল করুন।

**NYC Family Justice Center, Manhattan
(212) 602-2800**

**NYC Family Justice Center, Brooklyn
(718) 250-5113**

**NYC Family Justice Center, Queens
(718) 575-4545**

**NYC Family Justice Center, Bronx
(718) 508-1220**

**NYC Family Justice Center, Staten Island
(718) 697-4300**



240 টিরও বেশি ভাষায় টেলিফোনিক ভাষান্তর লভ্য।

NYC Mayor's Office to
End Domestic and
Gender-Based Violence

Awareness. Help. Hope.

আপনি যদি তাৎক্ষণিকভাবে বিপদে পড়ে থাকেন,
তবে 911 নম্বরে ফোন করুন।

যদি আপনি কথা বলতে না পারেন তবে 911-এ
টেক্সট করুন।

এখানে আরও জানুন: nyc.gov/text911